# নারায়ণগঞ্জে ফ্ল্যাট থেকে একই পরিবারের তিনজনের মরদেহ উদ্ধার



সংগৃহীত ছবি

নারায়ণগঞ্জ শহরের বাবুরাইল এলাকায় একটি ফ্ল্যাট থেকে বাবা, মা ও চার বছরের সন্তানের মরদেহ উদ্ধার করেছে পুলিশ। প্রাথমিক তদন্তে ধারণা করা হচ্ছে, ঋণ ও মামলার চাপে মানসিকভাবে ভেঙে পড়ে স্ত্রী-সন্তানকে হত্যার পর আত্মহত্যা করেছেন হাবিবুল্লাহ শিপলু।

নারায়ণগঞ্জে চাঞ্চল্যকর এক ঘটনায় একই পরিবারের তিন সদস্যের মরদেহ উদ্ধার করেছে পুলিশ। সোমবার (১৫ সেপ্টেম্বর) সন্ধ্যায় শহরের বাবুরাইল বউবাজার এলাকার একটি বহুতল ভবনের ফ্ল্যাটে এ মর্মান্তিক ঘটনা ঘটে।

নিহতরা হলেন—হাবিবুল্লাহ শিপলু, তার স্ত্রী মোহিনী আক্তার মীম এবং তাদের চার বছরের শিশু আফরান। খবর পেয়ে পুলিশ ফ্ল্যাটটির দরজা ভেঙে ভেতরে প্রবেশ করে তিনজনের মরদেহ উদ্ধার করে।

LENS ASIA

অতিরিক্ত পুলিশ সুপার তারেক আল মেহেদী জানান, শিপলুর বিপুল অঙ্কের ঋণ ছিল এবং তার বিরুদ্ধে টাকা আত্মসাতের একটি মামলাও চলছিল। কোনো স্থায়ী আয়ের উৎস না থাকায় তিনি দীর্ঘদিন ধরে আর্থিক ও মানসিক চাপে ভুগছিলেন। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, ঋণ এবং পাওনাদারদের চাপ সহ্য করতে না পেরে স্ত্রী ও সন্তানকে হত্যার পর তিনি আত্মহত্যা করেছেন।

এদিকে ঘটনাটি স্থানীয়দের মাঝে গভীর শোক ও আতঙ্ক সৃষ্টি করেছে। পুলিশ মরদেহগুলো উদ্ধার করে ময়নাতদন্তের জন্য হাসপাতাল মর্গে পাঠিয়েছে। একই সঙ্গে ঘটনার কারণ ও প্রেক্ষাপট উদঘাটনে তদন্ত চলছে বলে জানিয়েছে আইনশৃঙ্খলা বাহিনী।